

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
(প্রশাসন শাখা-২)


পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের তথ্যবাতায়ন হালনাগাদকরণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল  
যুগ্মসচিব (প্রশাসন) ও  
সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন কমিটি  
সভার তারিখ : ০৯/১২/২০১৯ সময়: সকাল ১১-৩০ মিঃ  
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ  
সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট ক

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জানানো হয় যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ওয়েবসাইট বা তথ্যবাতায়নতটি তথ্য সমৃদ্ধ হলেও কিছু কিছু ক্ষেত্রে এখনো অসম্পূর্ণ এবং পুরনো তথ্য রয়েছে। অনেক কর্মকর্তার আবাসিক টেলিফোন নম্বর উল্লেখ করা নেই। তাছাড়া প্রকল্পের তথ্য, বিভিন্ন বিষয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য হালনাগাদ নেই। আইন-বিধিমালাসমূহ ওয়েবসাইটে সঠিকভাবে সন্নিবেশনের বিষয়টিও বিগত অভ্যন্তরীণ সমন্বয় সভায় আলোচনা হয়েছে। পরিবর্তিত তথ্য দিয়ে ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা আছে। তাছাড়া বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি কর্মসম্পাদন সূচক হিসাবে নির্ধারিত আছে মর্মে সভায় জানান হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে মন্ত্রণালয়ের তথ্যবাতায়ন হালনাগাদ করনের বিষয়ে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) কর্মকর্তাগণের দাপ্তরিক/আবাসিক টেলিফোন নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল ইত্যাদি তথ্য হালনাগাদ করতে হবে; (বাস্তবায়নেঃ সিস্টেম এনালিস্ট)
- (খ) মন্ত্রণালয়ের অধীনে চলমান সকল প্রকল্পের তালিকা (প্রকল্প পরিচালকের নাম ও যোগাযোগের ঠিকানা সহ) ওয়েবসাইটে সংযুক্ত করতে হবে; (বাস্তবায়নেঃ উপসচিব (উন্নয়ন) এবং সিস্টেম এনালিস্ট)
- (গ) বিভিন্ন বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তথ্য ওয়েবসাইটে আপলোড করার জন্য সিস্টেম এনালিস্টের নিকট প্রেরণ করতে হবে; (বাস্তবায়নেঃ সকল শাখা প্রধান)
- (ঘ) মন্ত্রণালয়ের আইন-বিধিমালা সমূহ বিষয়ভিত্তিক আকারে ওয়েবসাইটে সন্নিবেশ করার জন্য সংশ্লিষ্ট অধিশাখা-শাখার কর্মকর্তাগণ সিস্টেম এনালিস্টকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন;
- (ঙ) কোন তথ্য পরিবর্তিত হলে তা ওয়েবসাইটে হালনাগাদ করণের জন্য সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাগণ সিস্টেম এনালিস্টকে জরুরী ভিত্তিতে অবহিত করবেন;

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল  
যুগ্মসচিব (প্রশাসন) ও সভাপতি

স্মারক নম্বরঃ ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯.

তারিখঃ ১১/১২/২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

- ১। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৩। উপসচিব/ উপপ্রধান (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সহঃ সচিব/ সিনিয়র সহঃ প্রধান (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মোঃ আঃ রুজ্জাক সরকার)  
উপসচিব